

**মোহনগঞ্জের ৮টি
প্রাথমিক বিদ্যালয়
শিক্ষার বিনিময়ে
খাদ্য কর্মসূচি
প্রত্যাহার**

মোহনগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা :
মোহনগঞ্জ থানায় এ পর্যন্ত ৮টি প্রাথমিক
বিদ্যালয় থেকে শিক্ষার বিনিময়ে খাদ্য
কর্মসূচি প্রত্যাহার করা হয়েছে। ফলে এসব
বিদ্যালয়ে ছাত্রসংখ্যা ক্রমশঃ কমতে শুরু
করেছে।

থানা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে,
৯৮ সালের ফেব্রুয়ারি মাসে থানা শিক্ষা
কমিটির সিদ্ধান্ত অনুযায়ী থানার
বিদ্যালয়গুলোকে 'এ', 'বি', 'সি' এবং 'ডি'
এই চারটি শ্রেণীতে ভাগ করা হয়েছে। 'ডি'
শ্রেণীভুক্ত ১৬টি বিদ্যালয়ের মধ্যে রয়েছে
১৪টি বেসরকারি রেজিস্টার্ড প্রাথমিক
বিদ্যালয় এবং ২টি সরকারি প্রাথমিক
বিদ্যালয়।